দৈনিক ইনকিলাব

তারিখ: 11 NOV 2012
পৃষ্ঠা: ২ কলাম: ৫

# সরকারি কাজে বাংলা একাডেমীর প্রমিত বাংলা অনুসরণ করতে হবে

## মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র জারি

□ স্টাফ রিপোর্টার

সরকারি কাজে সর্বত্র বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানরীতি অনুসরণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ গতকাল এ বিষয়ে এক পরিপত্র জারি করেছে।

বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ এবং অধিদপ্তর, সংস্থা, দপ্তরসমূহে বাংলা ভাষা ব্যবহারের ক্ষেত্রে বিভিন্ন প্রকার বানানরীতি অনুসরণ করা হচ্ছে বলে পরিপত্রে উল্লেখ করা হয়। প্রেক্ষিতে, ভাষা ব্যবহারের ক্ষেত্রে বানানের শুদ্ধতা সম্পর্কে যত্নবান হওয়া আবশ্যক এবং সরকারি কাজে: পৃঃ ৫ কঃ ৬

## সরকারি কাজে বাংলা

প্রথম পৃষ্ঠার পর

ভাষারীতির সমরূপতা রক্ষা করা গুরুত্বপূর্ণ। পরিপত্রে আরো উল্লেখ করা হয় যে, বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানরীতি ইতোমধ্যে পাঠ্যপুস্তকসহ বিভিন্ন ক্ষেত্রে অনুসৃত হচ্ছে। বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানরীতি অনুসরণের মাধ্যমে সরকারি কাজে বাংলা ভাষার ব্যবহারে সামঞ্জস্য বিধান করা প্রয়োজন।

এ প্রসঙ্গে সরকারি কাজে সর্বত্র বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানরীতি অনুসরণ নিশ্চিতকরণের সুবিধার্থে মন্ত্রিপরিষদ বিভাগ সকল মন্ত্রণালয়, বিভাগ এবং অধিদপ্তর, সংস্থা, দপ্তরসমূহে বাংলা একাডেমির প্রকাশিত সংশ্লিষ্ট অভিধানসমূহ পর্যাপ্তসংখ্যক কপি সংগ্রহের পরামর্শ দিয়েছে।